গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড,বকশি বাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

পত্র নং ৫৮.০৪.০০০০.০৪৩.০৩.০১০.২০২৪- ৯৫ তারিখঃ ২৩ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
০৬ মে ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়ঃ **জাতীয় তথ্য বাতায়ন (ওয়েব পোর্টাল) নিয়মিত হালনাগাদ করণ প্রসঙ্গে।**

সূত্র: সুরক্ষা সেবা বিভাগের গত ২১.০৪.২০২৩ জাতীয় তথ্য বাতায়ন হালানাগাদ সংক্রান্ত মিটিংয়ের নির্দেশনা ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে আপনার দপ্তর/অধীন কারাগারসমূহে জাতীয় তথ্য বাতায়ন (ওয়েব পোর্টাল) নিয়মিত হালনাগাদের লক্ষ্যে দপ্তর/কারাগারের নিম্নেবর্ণিত বিষয় সমূহ অবলোকনপূর্বক তদারকীসহ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

১) ওয়েব পোর্টালে অফিস প্রধান ও কর্মকর্তা/কর্মচারীদের ছবি ও তথ্য নিয়মিত হালনাগাদ করণ;

২) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সুসাশনের ০৫টি জবাবদিহিতা মূলক সেবা বক্স (১. জাতীয় শুদ্ধাচার কৌশল, ২. সেবা প্রদান প্রতিশ্রুতি(সিটিজেন চার্টার), ৩. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ৪.অভিযোগ প্রতিকার ব্যবস্থাপন, ৫.তথ্য অধিকার) **আবশ্যিকভাবে পোর্টালে আপলোড ও নিয়মিত হালনাগাদ করণ** (সংযুক্তঃ আদেশের কপি), এ বিষয়ে কারা অধিদপ্তরে ওয়েব পোর্টাল www.prison.gov.bd ভিজিট করা যেতে পারে।

৩) ওয়েব পোর্টালে বিভিন্ন নোটিশ যেমনঃ টেন্ডার, বিভিন্ন বিজ্ঞপ্তি, বিভিন্ন আদেশ নিয়মিত হালনাগাদ করণ;

৪) দপ্তর/কারাগারে প্রদত্ত বিভিন্ন সেবাসমূহ, ই- সার্ভিসেস, উদ্ভাবনী সংক্রান্ত তথ্য নিয়মিত হালনাগাদ করণ;

৫) বিভিন্ন কর্মকর্তা যেমনঃ কারা মহাপরিদর্শক, কারা উপ-মহাপরিদর্শক, বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট ও অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গের কারাগার পরিদর্শনের ছবি নিয়মিত হালনাগাদ করণ;

**৬)** ওয়েব পোর্টালে কোন মেন্যু, কনটেন্ট, সেবাবক্স, বা ইত্যাদি যেকোন বিষয় যুক্ত করতে যে অপশনে লগইন করতে হয়, তার ঠিক ডান পাশে ইউজার গাইডলাইন বা ভিডিও টিউটোরিয়াল অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, ওয়েব পোর্টাল হালনাগাদ করণে কোন প্রকার সমস্যা/জটিলতায় জাতীয় তথ্য বাতায়ন হেল্প লাইন **(০১৫৫০৭০৩০৮১, ০১৫৫০৭০৩০৮২, ০১৫৫০৭০৩০৮৩) নাম্বারে** যোগাযোগ করার জন্য অনুরোধ করা হ'ল।

০৬/৫/২৪
শেখ সুজাউর রহমান
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে- কারা মহাপরিদর্শক
☎ ০২৫-৭৩০০২২২(দপ্তর)

০১। কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ।
০২। সিনিয়র জেল সুপার, সকল কেন্দ্রীয় কারাগার।
০৩। জেল সুপার, সকল জেলা কারাগার।

**জ্ঞাতার্থে বিতরণঃ**

০১। কারা মহাপরিদর্শক/ অতিরিক্ত কারা মহাপরিদর্শক ও কারা উপ-মহাপরিদর্শক (সঃদঃ) এর ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা (মেইলযোগে)।

| স্বরাষ্ট্র মন্ত্রণালয় সুরক্ষা সেবা বিভাগ সচিবের দপ্তর | ইস্যু নম্বর ঃ |
|---|---|
| | তারিখ ঃ |
| অতিরিক্ত সচিব (প্রশাঃ ও অর্থ) | ☐ জরুরী ভিত্তিতে ব্যবস্থা নিন। |
| অতিরিক্ত সচিব (নিরাঃ ও বহিঃ) | ☐ জরুরী উপস্থাপন করুন। |
| অতিরিক্ত সচিব (অগ্নি) | ☐ পরীক্ষান্তে উপস্থাপন করুন। |
| অতিরিক্ত সচিব (কারা) | ☐ প্রয়োজনীয় ব্যবস্থা নিন। |
| অতিরিক্ত সচিব (মাদকদ্রব্য) | |
| অতিরিক্ত সচিব (আইন ও শৃঙ্খলা) | |
| অতিরিক্ত সচিব (উন্নয়ন) | সচিব |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সুশাসন শাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর- ০৪.০০.০০০০.৮১১.৫৫.০০৩.১৮.৯৫

তারিখ : ১৪ আশ্বিন ১৪২৭ / ২৯ সেপ্টেম্বর ২০২০

বিষয়: সুশাসনের ৫টি জবাবদিহিমূলক উপকরণ (Five Accountability Tools) সংক্রান্ত তথ্য ও সংশ্লিষ্ট লোগো (Logo) মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থাসমূহের ওয়েবসাইটে নির্দিষ্ট ক্রম অনুযায়ী আপলোড।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থাসমূহের সেবাসমূহ জনগনের কাছে সহজভাবে পৌছানো বা প্রদানের লক্ষ্যে ইতোমধ্যে ৫টি জবাবদিহিমূলক উপকরণ যেমন সেবা প্রদান প্রতিশ্রুতি (CC), জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS), তথ্য অধিকার (RTI), অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) ও বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) বিষয়ে সরকারিভাবে প্রজ্ঞাপন/নির্দেশিকা/পরিপত্র/আইন ইত্যাদি প্রণয়ন ও জারি করা হয়েছে। এ সকল তথ্য সহজভাবে পৌছানো/জানানোর জন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার ওয়েবসাইটে উপস্থাপন করা বাধ্যতামূলক, যা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে।

০২। পর্যালোচনায় লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থাসমূহের ওয়েবসাইটের সেবা বক্সে বর্ণিত জবাবদিহিমূলক উপকরণসমূহ, সংশ্লিষ্ট লোগো ও এ সংক্রান্ত তথ্য সুনির্দিষ্ট ক্রম অনুযায়ী সহজ ও সুস্পষ্টভাবে উল্লেখ করা হচ্ছে না। ফলে সরকারি সেবা প্রদান প্রক্রিয়ায় স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত করা সম্ভব হচ্ছে না। সুশাসনের ৫টি জবাবদিহিমূলক উপকরণ সংক্রান্ত তথ্য ও সংশ্লিষ্ট লোগো প্রতিটি মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থাসমূহের ওয়েবসাইটের নির্দিষ্ট ক্রম অনুসারে একইভাবে উপস্থাপন করা হলে বিষয়টি সম্পর্কে জনগণের ধারণা নেওয়া সহজ হবে। সে লক্ষ্যে সেবা বক্সে জবাবদিহির উপকরণ সংক্রান্ত তথ্য নিম্নোক্ত সুনির্দিষ্ট ক্রম অনুসারে আপলোড করা প্রয়োজন:

**জাতীয় শুদ্ধাচার কৌশল**

- শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা
- ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প কর্মকর্তা
- ত্রৈমাসিক/ষান্মাসিক পরিবীক্ষণ/মূল্যায়ন প্রতিবেদন
- আইন/বিধি/নীতিমালা/পরিপত্র/নির্দেশিকা/প্রজ্ঞাপন

**সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্‌স চার্টার)**

- সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্‌স চার্টার)
- ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প কর্মকর্তা
- ত্রৈমাসিক/বার্ষিক পরিবীক্ষণ/মূল্যায়ন প্রতিবেদন
- পরিবীক্ষণ কমিটি
- আইন/বিধি/নীতিমালা/পরিপত্র/নির্দেশিকা/প্রজ্ঞাপন

**বার্ষিক কর্মসম্পাদন চুক্তি**

- চুক্তিসমূহ
- টিম লিডার ও এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা
- ত্রৈমাসিক প্রতিবেদন
- এপিএএমএস ওয়েব লিংক
- আইন/বিধি/নীতিমালা/পরিপত্র/নির্দেশিকা/প্রজ্ঞাপন

**অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা**

- অনিক ও আপিল কর্মকর্তা
- মাসিক/ত্রৈমাসিক/বার্ষিক পরিবীক্ষণ/মূল্যায়ন প্রতিবেদন
- অভিযোগ দাখিল (অনলাইন আবেদন)
- আইন/বিধি/নীতিমালা/পরিপত্র/নির্দেশিকা/প্রজ্ঞাপন

**তথ্য অধিকার**

- দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপিল কর্তৃপক্ষ
- আবেদন ও আপিল ফরম
- স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যসমূহ
- আইন/বিধি/নীতিমালা/পরিপত্র/নির্দেশিকা/প্রজ্ঞাপন

০৩। তাঁর মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার ওয়েবসাইটে জবাবদিহিমূলক উপকরণসমূহের তথ্য উল্লিখিত ক্রম অনুসরণে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। প্রসঙ্গত, এক্ষেত্রে প্রয়োজন হলে Aspire to Innovate (a2i)-এর সাথে যোগাযোগ করে আপডেট করার জন্য প্রয়োজনীয় সহযোগিতা গ্রহণ করারও নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোঃ নাজমুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫১৩৬০১
মোবাইল: ০১৭৭৭-৬৯৬৭৪৭
ই-মেইল: gg_sec@cabinet.gov.bd
nazmul.dubd@gmail.com


বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা
৩. সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সিনিয়র সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা